

নিউইয়র্ক স্টেটের হাসপাতালে ভাষায় সাহায্যের নতুন আইনের আওতায় আপনার অধিকার সম্বন্ধে জানুন

১৬ই সেপ্টেম্বর ২০০৬ থেকে সারা নিউইয়র্ক স্টেটের প্রতিটি বেসরকারী ও সরকারী হাসপাতাল নতুন যোগাযোগ সহায়তা বিধি কার্যকর হয়েছে। নতুন বিধিসমূহের উদ্দেশ্য হচ্ছে স্বাস্থ্য সেবা পাওয়ার উন্নয়ন সাধন এবং যোগাযোগ সমস্যার কারণে ঘটে থাকে এমনতরো চিকিৎসা সমস্যা থেকে আপনাকে রক্ষা করা। আপনার যদি ইংরেজী ভাষায় জ্ঞান সীমিত থেকে থাকে বা আপনি যদি কানে কম শোনেন বা চোখে কম দেখেন তাহলে বিনামূল্যে যোগাযোগ সহায়তা পাওয়ার অধিকার আপনার রয়েছে। এমতাবস্থায় আপনি যদি কোন হাসপাতালে যান তাহলে নিম্নোক্ত সুবিধাসমূহ আশা করতে পারেন।

হাসপাতাল অবশ্যই

- প্রথম সাক্ষাতে ভাষার ব্যাপারে আপনার অধিকার জানতে চাইবে এবং আপনার ভাষায় কথা বলবে। আপনি যদি আবারো যান তাহলে আপনার ভাষায় সাহায্য করার জন্য হাসপাতাল প্রস্তুত থাকবে। বিনামূল্যে আপনার ভাষায় পারদর্শী অনুবাদক দেবে।
- হাসপাতালের কর্মচারীদের সাথে যোগাযোগের সহায়তার জন্য যতদিন প্রয়োজন পড়ে ততদিনের জন্য অনুবাদকের ব্যবস্থা রাখবে।
- আপনার যোগাযোগের সুবিধার জন্য হাসপাতাল দোভাষী কর্মচারী, টেলিফোনের মাধ্যমে যোগাযোগ সার্ভিস বা অনুবাদক ব্যবহার করতে পারেন।
- বিনামূল্যে কি কিভাবে নিজের ভাষায় সাহায্য পেতে পারেন এই তথ্য সরবরাহ করবে।
- বিনামূল্যে ভাষার সহায়তা পাওয়া সম্পর্কিত নোটিশ টানিয়ে রাখবে।
- বিল, বীমা এবং আর্থিক সাহায্য সংক্রান্ত তথ্য আপনার ভাষায় ব্যাখ্যা করবে।
- ১৬ বছরের কম বয়সের কাউকে অনুবাদক হিসাবে ব্যবহার করবে না।
- মানসিক সহায়তা বা চিকিৎসার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণে সহায়তা প্রদান করার জন্য কোন আত্মীয় বা বন্ধু আপনার সাথে হাসপাতালে গেলেও হাসপাতাল আপনাকে অনুবাদক দিতে বাধ্য থাকবে।

নিউইয়র্ক সিটিতে নিম্নোক্ত কোন একটি ঘটনাও যদি আপনার বেলায় ঘটে থাকে তাহলে New York Lawyers for the Public Interest, 212-244-4664 এ নিশা আগারওয়ালের সাথে যোগাযোগ করুন। অপেক্ষাকৃত ভালো সেবা পেতে এবং হাসপাতালের সাথে মিলিত হয়ে তাদের সার্ভিসের উন্নতি সাধন ও Violation সংশোধনে আমরা সাহায্য করতে পারি।

যদি আপনি/আপনাকে

- বলা হয়ে থাকে যে হাসপাতাল আপনার ভাষায় সাহায্য করবে না।
- এমন অনুবাদক দেয়া হয়েছিলো যিনি অপরিষ্কার ভাষা জ্ঞানের কারণে চিকিৎসা সংক্রান্ত আলোচনা বোঝাতে পারেননি।
- অনুবাদকের জন্য অনুরোধ করার কারণে বা হাসপাতাল আপনার ভাষা বুঝতে পারেনি বলে ডাক্তারের সাথে সাক্ষাত করার জন্য অনেকক্ষণ অপেক্ষা করতে বাধ্য হয়েছিলেন।
- সাক্ষাতের সময় নিজের অনুবাদক আনতে বলা হয়েছিলো কিংবা পরিবারের সদস্যকে বা Waiting Room এ উপস্থিত কোন ব্যক্তিকে হাসপাতাল আপনার অনুবাদক হতে বলেছিলো।
- হাসপাতালের লোকজন আপনাকে কি কি বলেছিলো তা বুঝেননি কারণ তারা আপনার ভাষায় কথা বলেনি।
- এমন কাগজে দস্তখত করতে বলা হয়েছে যা আপনি বুঝতে অসমর্থ কারণ কাগজগুলি আপনার ভাষায় অনুবাদিত ছিলো না।
- এমন অনুবাদক দেয়া হয়েছিলো যিনি অপরিষ্কার ভাষা জ্ঞানের কারণে আপনাকে চিকিৎসা সংক্রান্ত আলোচনা বোঝাতে পারেননি।

ভাষা, বর্ণ ও ইমিগ্রেশন স্টেটাসের ভিত্তিতে বৈধম্য করার অধিকার হাসপাতালের নেই। হাসপাতাল ইমিগ্রেশন কর্মকর্তাদের আপনার সংক্রান্ত কোন তথ্য সরবরাহ করে না।